
৪৩ তম BCS প্রিলি

ফুল কোর্স

# বাংলা সাহিত্য




**লেকচার: 05**

**Topic:**

উপন্যাস, নাটক ও কবিতার শ্রেণিবিভাগ, মহাকাব্য, প্রবন্ধ, রম্যরচনা ও ভ্রমণকাহিনি

উত্তরণ

ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

www.uttoron.academy

# আলোচ্য বিষয়

- উপন্যাস, নাটক, কবিতা, মহাকাব্য, উপন্যাসের শ্রেণিবিভাগ, উপন্যাস সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য, বাংলা সাহিত্যের বিখ্যাত ঔপন্যাসিক ও উপন্যাস, চলচ্চিত্র নির্মিত হয়েছে এমন উল্লেখযোগ্য উপন্যাস।

- বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশ, নাটকের শ্রেণিবিভাগ, নাটক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য, বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য নাটক ও নাট্যকার, বাংলা সাহিত্যের কতিপয় প্রহসন ও রচয়িতা।

- **প্রবন্ধ, রম্যরচনা ও ভ্রমণকাহিনি-**

  বাংলা কবিতা, আধুনিক বাংলা কবিতা, কবিতার শ্রেণিবিভাগ, উল্লেখযোগ্য আধুনিক কবি ও তাদের রচিত মহাকাব্য ও এর শ্রেণিবিভাগ, বাংলা মহাকাব্য, বিখ্যাত মহাকাব্য।

# উপন্যাস

উপন্যাস হলো গদ্যে লেখা দীর্ঘাবয়ব বর্ণনাত্মক কথাসাহিত্য। কবিতা, নাটক ও ছোটগল্পের ন্যায় উপন্যাস সাহিত্যের একটি বিশেষ শাখা। আধুনিক সাহিত্যে এটি তুলনামূলকভাবে নতুন আঙ্গিক। যিনি উপন্যাস রচনা করেন তিনি ঔপন্যাসিক।

উপন্যাস লেখার নির্দিষ্ট নিয়ম বা কাঠামো নেই। তবে সচরাচর এগুলো ছোটগল্পের তুলনায় বৃহদাকার হয়ে থাকে। অধিকন্তু উপন্যাসের আখ্যানভাগ ও চরিত্রের বিস্তার লক্ষিত হয়। হ্রস্ব দৈর্ঘ্যের উপন্যাসকে অনু-উপন্যাস বলা হয়ে থাকে। উপন্যাসে পরিবেশ, বর্ণনা, রূপরেখা, চরিত্র, সংলাপ ইত্যাদি যখন মানুষের জীবনের কাহিনীকে সুন্দর ও স্বার্থকভাবে ফুটিয়ে তুলে তার মধ্যে জীবনের কোনো অর্থ বা ভাষ্য প্রকাশ করা হয়।

অষ্টাদশ শতাব্দীর ইংল্যান্ডে প্রথম আধুনিক উপন্যাস রচিত হয়। ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝিভাগে বাংলা ভাষায় প্রথম উপন্যাসের প্রবর্তন হয়। ইংরেজি ভাষায় ড্যানিয়েল ডিফো ও বাংলা ভাষায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উপন্যাস ধারার প্রথম সার্থক রূপকার। তারপর থেকেই বিভিন্ন দেশে এই ধারার বিচিত্র ও বহুমুখী বিস্তার লক্ষ্য করা যায়।

'উপন্যাস' শব্দের ইংরেজি প্রতিশব্দ novel-এর আভিধানিক অর্থ হলো : a fictitious prose narrative or tale presenting picture of real life of the men and women portrayed. অর্থাৎ উপন্যাস হচ্ছে গদ্যে লিখিত এমন এক বিবরণ বা কাহিনি যার ভেতর দিয়ে মানব-মানবীর জীবনযাপনের বাস্তবতা প্রতিফলিত হয়ে থাকে।

# উপন্যাস নিয়ে কিছু কথা

- বাংলা উপন্যাস রচনার সূচনা – উনিশ শতকের প্রথমার্ধে।
- বাংলা উপন্যাসের প্রাথমিক পর্যায় ছিল – সামাজিক কাহিনির।
- বাংলা উপন্যাস রচনায় প্রথম প্রচেষ্টা করেন – ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়।
- বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস (অবাঙালি কর্তৃক রচিত) – 'ফুলমণি ও করুণার বিবরণ' (১৮৫২) – হ্যানা ক্যাথেরিন ম্যালেন্স।
- বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস (বাঙালি কর্তৃক রচিত) – 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮) – প্যারীচাদ মিত্র।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস – 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫) – বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক – স্বর্ণকুমারী দেবী। উপন্যাস- 'দীপনির্বাণ' (১৮৭৬)
- বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিক – মীর মশাররফ হোসেন।
- মুসলিম সাহিত্যিক রচিত প্রথম উপন্যাস – 'রত্নবতী' (১৮৬৯) - মীর মশাররফ হোসেন।

# উপন্যাসের শ্রেণিবিভাগ

## সামাজিক উপন্যাস

সামাজিক উপন্যাস (social novel) উপন্যাসের একটি বিশেষ শ্রেনি। এই শ্রেণির উদ্ভব ঘটে উনিশ শতকে। সাধারণত সমাজচিত্র ও সামাজিক সমস্যাকে কেন্দ্র করে রচিত হয়। যেমন- বিষবৃক্ষ (১৮৭৩) , পল্লীসমাজ (১৯১৬) ইত্যাদি।

## ঐতিহাসিক উপন্যাস

জাতীয় জীবনের গুরুত্বপূর্ণ কোনো ঐতিহাসিক ঘটনা বা চরিত্রের আশ্রয়ে যখন কোনো উপন্যাস রচিত হয় তখন তাকে ঐতিহাসিক উপন্যাস বলে। ঐতিহাসিক উপন্যাসে লেখক নতুন নতুন ঘটনা বা চরিত্র সৃজন করে কাহিনিতে গতিময়তা ও প্রাণসঞ্চার করতে পারেন কিন্তু ঐতিহাসিক সত্য থেকে বিচ্যুত হতে পারেন না। বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ', মীর মশাররফ হোসেনের 'বিষাদ-সিন্ধু', ঐতিহাসিক উপন্যাস বলে বিবেচিত।

## মনস্তাত্ত্বিক উপন্যাস

মনস্তাত্ত্বিক উপন্যাসের প্রধান আশ্রয় পাত্র-পাত্রীর মনোজগতের ঘাত-সংঘাত ও ক্রিয়া-প্রতিক্রিয়া; চরিত্রের অন্তর্জগতের জটিল রহস্য উদঘাটনই ঔপন্যাসিকের প্রধান লক্ষ্য। রবীন্দ্রনাথের 'চোখের বালি', 'চতুরঙ্গ', সৈয়দ ওয়ালীউল্লাহর 'চাঁদের অমাবস্যা' 'কাঁদো নদী কাঁদো' মনস্তাত্ত্বিক উপন্যাসের উজ্জ্বল উদাহরণ।

# উপন্যাসের শ্রেণিবিভাগ

## রাজনৈতিক উপন্যাস

সমাজ-বিকাশের অন্যতম চালিকাশক্তি যে রাজনীতি সেই রাজনৈতিক ঘটনাবলি, রাজনৈতিক মতাদর্শ এবং রাজনীতি-সংশ্লিষ্ট চরিত্রের কর্মকাণ্ড যে উপন্যাসে প্রাধান্য লাভ করে তাকে রাজনৈতিক উপন্যাস বলে। রবীন্দ্রনাথ ঠাকুরের 'গোরা' শরৎচন্দ্রের 'পথের দাবী', শহীদুল্লাহ কায়সারের 'সংশপ্তক', জহির রায়হানের 'আরেক ফাল্গুন', আখতারুজ্জামান ইলিয়াসের 'চিলেকোঠার সেপাই', আহমদ ছফার 'ওঙ্কার' ইত্যাদি।

## কাব্যধর্মী উপন্যাস

এতে লেখকের জীবনদর্শন ও গীতিধর্মিতা প্রাধান্য পায়। রবীন্দ্রনাথের শেষের কবিতা এ জাতীয় একটি শ্রেষ্ঠ উপন্যাস।

## গোয়েন্দা উপন্যাস

অপরাধ ও গোয়েন্দা তৎপরতা নিয়ে এ ধরনের উপন্যাস রচিত হয়। বনফুলের পঞ্চপর্ব, সত্যজিৎ রায়ের ফেলুদা, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ব্যোমকেশ বক্সী ইত্যাদি।

# উপন্যাসের শ্রেণিবিভাগ

## পত্রোপন্যাস

এ ধরনের উপন্যাসের বক্তব্য পত্রের আকারে প্রকাশ করা হয়। যেমন, কাজী নজরুল ইসলামের বাঁধনহারা (১৯২৭), বুদ্ধদেব বসুর সবিনয় নিবেদন ইত্যাদি।

## হাস্যরসাত্মক উপন্যাস

এ ধরনের উপন্যাসে লেখক মানবজীবনের যে-কোনো একটি অসঙ্গতিকে বিষয়বস্তু করে হাস্যরসাত্মক চরিত্র সৃষ্টি করেন। রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তির উপায়' , বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের 'ওরা ও আমরা' ইত্যাদি এ শ্রেণির উপন্যাস।

## আত্মজৈবনিক উপন্যাস

ঔপন্যাসিক তার ব্যক্তিগত জীবনের নানা ঘাত-প্রতিঘাতকে যখন আন্তরিক শিল্পকুশলতায় উপন্যাসে রূপদান করেন তখন তাকে আত্মজৈবনিক উপন্যাস বলে। অপরাজেয় কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘শ্রীকান্ত’, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘পথের পাঁচালী’, ‘অপরাজিত’ এ ধরনের উপন্যাসের দৃষ্টান্ত।

# উপন্যাসের শ্রেণিবিভাগ

## আঞ্চলিক উপন্যাস

বিশেষ কোনো অঞ্চল ও সে অঞ্চলের নির্দিষ্ট এলাকা ও পরিসরের মানুষের সুখ-দুঃখ, হাসি-কান্না মিশ্রিত যে কাহিনী বা উপন্যাস তাই আঞ্চলিক উপন্যাস বলে পরিচিত। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'হাঁসুলী বাঁকের উপকথা', অদ্বৈত মল্লবর্মনের 'তিতাস একটি নদীর নাম', শামসুদ্দীন আবুল কালামের 'কাঁশবনের কন্যা' ও 'সমুদ্রবাসর' প্রভৃতি নাম এক্ষেত্রে স্মরণীয়।

## রূপক উপন্যাস

সাহিত্যের রূপকাশ্রয় কোনো ব্যতিক্রমী ঘটনা নয়। তবে কখনো কখনো উপন্যাসিক তার রচনায় উপস্থাপিত কাহিনি কাঠামোর অন্তরালে কোনো বিশেষ ব্যতিক্রমধর্মী রূপকাশ্রয়ী বক্তব্যের সাহায্যে উপন্যাসের শিল্পরূপ প্রদান করেন। এ ধরনের উপন্যাসকে রূপক উপন্যাস বলা হয়। রূপক উপন্যাস সৃষ্টিতে শওকত ওসমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তার 'ক্রীতদাসের হাসি', 'সমাগম' 'রাজা উপাখ্যান', 'পতঙ্গ পিঞ্জর' রূপক উপন্যাসের সার্থক দৃষ্টান্ত।

# উপন্যাসের শ্রেণিবিভাগ

## রোমান্সধর্মী উপন্যাস

রোমান্স বলতে বোঝায় বীরত্বপূর্ণ এক ধরনের অবাস্তব কাল্পনিক উচ্ছ্বাসপূর্ণ ভাষাযুক্ত কাহিনি । ইউরোপীয় রোমান্সের আদি জননী দা অ্যারাবিয়ান নাইটস । তবে বর্তমানে রোমান্স বলতে বোঝায় বাস্তবতার সঙ্গে সম্পর্কযুক্ত কল্পনাময় মানবিক কাহিনিকে। এতে কল্পনাভিসারী মন ও অতীতপ্রীতির কথা বেশি ফুটে ওঠে। বঙ্কিমচন্দ্রের কপালকুণ্ডলা, মৃণালিনী, চন্দ্রশেখর এ ধরনের উপন্যাস।

## চেতনাপ্রবাহ রীতির উপন্যাস

মানুষের মনোলোকে বর্তমানের অভিজ্ঞতা, অতীতের স্মৃতি এবং ভবিষ্যতের কল্পনা এক সঙ্গে প্রবাহিত হয়। এই প্রবাহের বার্ষিক বর্ণনা দিয়ে চেতনাপ্রবাহ রীতির উপন্যাস লিখিত হয়। সতীনাথ ভাদুড়ীর ‘জাগরী’, সৈয়দ ওয়ালীউল্লাহর ‘কাঁদো নদী কাঁদো’ চেতনাপ্রবাহ রীতির উপন্যাস হিসেবে পরিচিত।

# বিখ্যাত উপন্যাসের নাম ও রচয়িতা

| ঔপন্যাসিক | উপন্যাসের নাম |
|---|---|
| প্যারীচাঁদ মিত্র | আলালের ঘরের দুলাল (১৮৫৮) |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | কপালকুণ্ডলা (১৮৬৬), বিষবৃক্ষ (১৮৭৩), আনন্দমঠ (১৮৮২) |
| আলাউদ্দিন আল আজাদ | তেইশ নম্বর তৈলচিত্র (১৯৬০) |
| নজিবর রহমান | আনোয়ারা (১৯১৪) |
| আবু জাফর শামসুদ্দীন | পদ্মা মেঘনা যমুনা (১৯৭৪) |
| আনোয়ার পাশা | রাইফেল রোটি আওরাত (১৯৭৩) |
| আখতারুজ্জামান ইলিয়াস | চিলেকোঠার সেপাই (১৯৮৭), খোয়াবনামা (১৯৯৬) |
| আবুল ফজল | চৌচির (১৯৩৪), রাঙা প্রভাত (১৯৫৭) |
| কালীপ্রসন্ন সিংহ | হুতোম প্যাঁচার নকশা (১৮৬২) |
| কাজী ইমদাদুল হক | আব্দুল্লাহ (১৯৩৩) |
| কাজী নজরুল ইসলাম | বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০), কুহেলিকা (১৯৩১) |
| জসীমউদ্‌দীন | বোবাকাহিনী (১৯৬৪) |
| জহির রায়হান | হাজার বছর ধরে (১৩৭১), আরেক ফাল্গুন (১৩৭৫), বরফ গলা নদী (১৩৭৬) |
| তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | কবি (১৯৪২), হাঁসুলি বাকের উপকথা (১৯৪৭) |

# বিখ্যাত উপন্যাসের নাম ও রচয়িতা

| ঔপন্যাসিক | উপন্যাসের নাম |
|---|---|
| বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | পথের পাঁচালী , আরণ্যক |
| মানিক বন্দ্যোপাধ্যায় | জননী, দিবারাত্রির কাব্য, পদ্মানদীর মাঝি, পুতুল নাচের ইতিকথা |
| মীর মশাররফ হোসেন | বিষাদসিন্ধু |
| রবীন্দ্রনাথ ঠাকুর | চোখের বালি, গোরা , ঘরে বাইরে, শেষের কবিতা |
| রোকেয়া সাখাওয়াত হোসেন | পদ্মরাগ |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায় | বৈকুণ্ঠের উইল, পল্লীসমাজ, দেবদাস, চরিত্রহীন, শ্রীকান্ত, পথের দাবী |
| শওকত ওসমান | জননী, ক্রীতদাসের হাসি, জাহান্নাম হইতে বিদায়, দুই সৈনিক, নেকড়ে অরণ্য |
| শহীদুল্লাহ কায়সার | সারেং বউ, সংশপ্তক |
| শামসুর রহমান | অক্টোপাস |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | লালসালু, কাঁদো নদী কাঁদো, চাঁদের অমাবস্যা |
| সেলিনা হোসেন | পোকামাকড়ের ঘর-বসতি , হাঙ্গর নদী গ্রেনেড , নিরন্তর ঘণ্টাধ্বনি |
| সৈয়দ শামসুল হক | সীমানা ছাড়িয়ে, খেলারাম খেলে যা |
| হুমায়ুন আহমেদ | নন্দিত নরকে, শঙ্খনীল কারাগার, আগুনের পরশমণি, শ্যামল ছায়া |
| হুমায়ুন কবির | নদী ও নারী |

# চলচ্চিত্র নির্মিত হয়েছে এমন উপন্যাস

| উপন্যাসের নাম | রচয়িতা |
|---|---|
| নন্দিত নরকে, শঙ্খনীল কারাগার, আগুনের পরশমণি, শ্যামল ছায়া | হুমায়ুন আহমেদ |
| সারেং বউ, সংশপ্তক | শহীদুল্লাহ কায়সার |
| সূর্য-দীঘল বাড়ী | আবু ইসহাক |
| হাজার বছর ধরে | জহির রায়হান |
| পোকামাকড়ের ঘর-বসতি , হাঙ্গর নদী গ্রেনেড | সেলিনা হোসেন |
| পদ্মা নদীর মাঝি | মানিক বন্দ্যোপাধ্যায় |
| তিতাস একটি নদীর নাম | অদ্বৈত মল্লবর্মণ |
| গোরা , চোখের বালি, নৌকাডুবি | রবীন্দ্রনাথ ঠাকুর |
| লালসালু | সৈয়দ ওয়ালীউল্লাহ |

# POLL QUESTION-01

➲ দত্তা উপন্যাসটি কার লেখা ?

(a) রবীন্দ্রনাথ ঠাকুর

(b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(c) সুরেন্দ্র পাল

(d) বিহারীলাল চক্রবর্তী

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ বাংলা আধুনিক উপন্যাস-এর প্রবর্তক ছিলেন– [৪০তম বিসিএস]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) প্যারীচাঁদ মিত্র (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

➲ 'আগুন পাখি'– উপন্যাসটির রচয়িতা কে? [৪০তম বিসিএস]

(ক) রাহাত খান (খ) হাসান আজিজুল হক (গ) সেলিনা হোসেন (ঘ) ইমদাদুল হক মিলন

➲ 'নদী ও নারী' উপন্যাসের রচিয়তা কে? [৩৮তম বিসিএস]

(ক) কাজী আবদুল ওদুদ (খ) আবুল ফজল (গ) রশীদ করিম (ঘ) হুমায়ুন কবির

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'বিষাদ সিন্ধু' একটি– [৩৬তম বিসিএস]

(ক) গবেষণা গ্রন্থ (খ) ধর্মবিষয়ক প্রবন্ধ (গ) ইতিহাস আশ্রয়ী উপন্যাস (ঘ) আত্মজীবনী

➲ 'আধ্যাত্মিকা' উপন্যাসের লেখক কে? [৩০তম বিসিএস]

(ক) প্যারীচাঁদ মিত্র (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) দামোদর বন্দ্যোপাধ্যায় (ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

➲ বাংলা সাহিত্যের প্রথম মুসলিম ঔপন্যাসিকের নাম কি? [২৮ তম বিসিএস]

(ক) মোতাহের হোসেন (খ) ইসমাইল হোসেন সিরাজী

(গ) মীর মশাররফ হোসেন (ঘ) ফররুখ আহমদ

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে? [২৫তম বিসিএস]

(ক) শওকত ওসমান (খ) জহির রায়হান

(গ) শহীদুল্লাহ কায়সার (ঘ) রশীদ করিম

➲ 'কাশবনের কন্যা' কোন জাতীয় রচনা? [২৫তম বিসিএস]

(ক) নাটক (খ) উপন্যাস (গ) কাব্য (ঘ) ছোটগল্প

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ‘বিষাদ-সিন্ধু’ কার রচনা? [২০তম বিসিএস]

(ক) কায়কোবাদ
(খ) মীর মশাররফ হোসেন
(গ) মোজাম্মেল হক
(ঘ) ইসমাইল হোসেন সিরাজী

➲ ‘সংশপ্তক’ কার রচনা? [২০তম বিসিএস]

(ক) মুনীর চৌধুরী (খ) শহীদুল্লাহ কায়সার (গ) জহির রায়হান (ঘ) শওকত ওসমান

➲ ‘শেষের কবিতা’ রবীন্দ্রনাথ রচিত– [১০তম বিসিএস]

(ক) কবিতার নাম (খ) গল্প সংকলনের নাম (গ) উপন্যাসের নাম (ঘ) কাব্য সংকলনের নাম

# বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশ

- কলকাতায় প্লে হাউজ নামে প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় – ১৭৫৩ সালে।
- বাংলা নাটক প্রথম অভিনয় হয় – ১৭৯৫ সালে।
- বাংলা নাটক প্রথম মঞ্চে অভিনীত হয় – ১৮৫৭ সালে।
- বাংলা মৌলিক নাটকের সূত্রপাত হয় – ১৮৫২ সালে।
- বাংলা ভাষার প্রথম মৌলিক নাটক – ভদ্রার্জুন (১৮৫২) – তারাচরণ শিকদার।
- ঢাকা থেকে প্রকাশিত প্রথম নাটক – নীলদর্পণ (১৮৬০) – দীনবন্ধু মিত্র।
- বাংলা সাহিত্যে প্রথম বিধিবদ্ধ পূর্ণাঙ্গ নাটক রচনা করেন – রামনারায়ণ তর্করত্ন।
- বাংলা ঐতিহাসিক, রোমান্টিক ও ট্র্যাজেডি নাটকের পথপ্রদর্শক – মাইকেল মধুসূদন দত্ত।
- ট্র্যাজেডি, কমেডি ও ফার্সের মূল পার্থক্য – জীবনানুভূতির গভীরতায়।

# বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশ

- বাংলা ভাষার প্রথম সার্থক ও আধুনিক নাটক – শর্মিষ্ঠা (১৮৫৯)
- বাংলা নাট্যসাহিত্যে প্রথম ট্র্যাজেডি রচনার প্রচেষ্টা – কীর্তিবিলাস (১৮৫২) – যোগেন্দ্রচন্দ্র গুপ্ত।
- বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাটক – বসন্ত কুমারী (১৮৭৩) – মীর মশাররফ হোসেন।
- মুসলমান চরিত্র অবলম্বনে প্রথম বাংলা নাটক – জমীদার দর্পণ (১৮৭৩)
- বাংলা সাহিত্যে প্রথম সাংকেতিক নাটক – শারদোৎসব (১৯০৮) – রবীন্দ্রনাথ ঠাকুর
- বাংলাদেশ বেতারে প্রচারিত প্রথম নাটক – কাঠঠোকরা (বুদ্ধদেব বসু)
- বাংলাদেশে প্রথম মঞ্চায়িত নাটক – বাকি ইতিহাস
- বাংলাদেশ টেলিভিশনে প্রথম প্রচারিত নাটক – একতলা দোতলা (মুনীর চৌধুরী)
- দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী দুর্ভিক্ষ ও সামাজিক অবস্থা নিয়ে রচিত নাটক – নেমেসিস – নুরুল মোমেন।

# বাংলা নাটক

## বাংলা নাটকের ঐক্যনীতি

সনাতনপন্থী নাট্যকারগণ নাটকে তিনটি ঐক্যনীতি মেনে চলতেন। সেগুলো হলোঃ-

**সময়ের ঐক্যঃ** নাটকীয় আখ্যানভাগ রঙ্গমঞ্চে দেখাতে যতক্ষণ সময় লাগে, বাস্তব জীবনে সংঘটিত হতে যেন ঠিক ততক্ষণ লাগে, এদিকে লক্ষ্য রাখতে হবে।

**স্থানের ঐক্যঃ** নাটকে এমন কোন স্থানের উল্লেখ থাকতে পারবে না, যেখানে নাট্য-নির্দেশিত সময়ের মধ্যে নাটকের কুশীলবগণ যাতায়াত করতে পারে না।

**ঘটনার ঐক্যঃ** নাটকে এমন কোন দৃশ্য বা চরিত্র সমাবেশ থাকবে না, যাতে নাটকের মূল সুর ব্যাহত হতে পারে।

# বাংলা নাটক

## নাটকের উপাদান

1. মূল ভাবনা বা প্রেমিজ: একটা নাটক তার দর্শককে কিছু বলতে চায়। নাট্যকার একটি ধারণাকে অবলম্বন করে একটি কাহিনি তৈরি করেন। কাহিনির মাধ্যমে তিনি তার ধারণাটিকে বলেন। তার এই মূল বক্তব্যটিই হল মূল ধারণা বা প্রেমিজ।

2. কাহিনি বা প্লট: নাটকে সাধারণত একটি ঘটনা থাকে। কাহিনির শুরু, মধ্য ও শেষ থাকে। এক বা একাধিক মানুষের বা চরিত্রের কাহিনি বর্ণিত হতে থাকে। প্রধান কাহিনির পাশাপাশি নাটকে উপ-কাহিনি বা সাব-প্লট থাকতে পারে। তবে উপ-কাহিনি প্রধান কাহিনিকে সহায়তা করে।

3. চরিত্র: নাটক যেই ব্যক্তিগুলোর কাহিনি বর্ণনা করে সেই ব্যক্তিগুলোই নাটকের চরিত্র। মূলত একটি নাটকে একজন প্রধান চরিত্র হয়। চরিত্রটি নাটকের শুরুতে যে রকম থাকে, নাটকের শেষে সে রকম থাকে না। ঘটনাপ্রবাহের প্রবাহে তার মধ্যে নানা রকম পরিবর্তন ঘটে।

4. সংলাপ: নাটকের চরিত্র বা পাত্রপাত্রী কথোপকথন আকারে যা বলে সেটাই সংলাপ। সোজা কথায়, নাটকের চরিত্রের মুখের কথাগুলোকেই সংলাপ বলে।

# বাংলা নাটকের শ্রেণিবিভাগ

নাটকের শ্রেণিবিভাগ কোনো বিশেষ বিষয়কে ভিত্তি করে করা হয়নি। নানারকম বিষয়বস্তু অনুসারে নাটককে নানাভাবে শ্রেণিবিভাগ করা হয়েছে।

নাটকের শ্রেণিবিভাগগুলো এরকম: ক) ভাব সংবেদনা রীতি অনুসারে (০১) ট্র্যাজেডি (০২) কমেডি (০৩) ট্র্যাজি-কমেডি (০৪) মেলোড্রামা ও (০৫) ফার্স।

খ) বিষয়বস্তুর উৎসরীতি অনুসারে (০১) পৌরাণিক (০২) ঐতিহাসিক (০৩) ঐতিহাসিককল্প চরিত্রমূলক (০৪ ) সামাজিক (০৫) পারিবারিক (০৬) উপকথাশ্রয়ী ও (০৭) কাল্পনিক

গ) বিষয়বস্তুর প্রকৃতি অনুসারে (০১) ধর্মমূলক (০২) নীতিমূলক (০৩) আধ্যাত্মিক (০৪) রাজনৈতিক (০৫) অর্থনৈতিক (০৬) প্রেমমূলক (০৭) দেশপ্রেমমূলক (০৮) সমাজরীতিমূলক (০৯) ষড়যন্ত্রমূলক (১০) রোমাঞ্চকর দুঃস্বহসমূলক ও (১১) অপরাধ আবিষ্কারমূলক প্রভৃতি

ঘ) উপাদানযোজনা বৈশিষ্ট্য অনুসারে (০১) গীতিনাট্য বা অপেরা (০২) যাত্রা (০৩) নৃত্যনাট্য (০৪) নাটক বা ড্রামা

ঙ) আয়তন বা অঙ্কসংখ্যা অনুসারে (০১) মহানাটক (০২) নাটক (০৩) নাটিকা (০৪) একাঙ্কিকা

চ) গঠন রীতি অনুসারে (০১) ক্লাসিক্যাল (০২) রোমান্টিক (০৩) দৃশ্যাবলি

ছ) রচনারীতি অনুসারে (০১) পদ্যনাটক (০২) গদ্যনাটক (০৩) গদ্য-পদ্যময় নাটক

জ) উপস্থাপনারীতি অনুসারে (০১) বাস্তবিক নাটক (০২) ভাবতান্ত্রিক নাটক (০৩) রূপক নাটক (০৪) সাংকেতিক নাটক (০৫) এক্সপ্রেশানিস্টিক নাটক

ঝ) উদ্দেশ্য অনুসারে (০১) ঘটনামুখ্য (মেলোড্রামা) (০২) চরিত্রমুখ্য (চরিত্রনাট্য) (০৩) রসমুখ্য (রসনাট্য) ও (০৪) তত্ত্বমুখ্য (তত্ত্বনাটক)

# বিখ্যাত নাটকের নাম ও রচয়িতা

| নাট্যকার | নাটকের নাম |
| --- | --- |
| তারাচরণ শিকদার | ভদ্রার্জুন |
| যোগেন্দ্রচন্দ্র গুপ্ত | কীর্তিবিলাস |
| রামনারায়ণ তর্করত্ন | কুলীনকুলসর্বস্ব, রত্নাবলী |
| মাইকেল মধুসূদন দত্ত | শর্মিষ্ঠা, পদ্মাবতী, কৃষ্ণকুমারী |
| দীনবন্ধু মিত্র | নীলদর্পণ, লীলাবতী |
| গিরিশচন্দ্র ঘোষ | সীতার বনবাস, সিরাজদ্দৌলা, প্রফুল্ল |
| মীর মশাররফ হোসেন | বসন্তকুমারী, জমীদার দর্পণ |
| দ্বিজেন্দ্রলাল রায় | তারাবাঈ, নুরজাহান, মেবার পতন, সাজাহান |
| রবীন্দ্রনাথ ঠাকুর | তাসের দেশ, ডাকঘর, কালের যাত্রা, বিসর্জন |
| কাজী নজরুল ইসলাম | আলেয়া, মধুমালা, ঝিলিমিলি, পুতুলের বিয়ে |
| সৈয়দ শামসুল হক | পায়ের আওয়াজ পাওয়া যায়, নুরুলদীনের সারা জীবন, এখানে এখন |
| শাহাদাৎ হোসেন | আনারকলি, মসনদের মোহ |
| নুরুল মোমেন | রূপান্তর, নেমেসিস |
| সৈয়দ ওয়ালীউল্লাহ | সুড়ঙ্গ, বহিপীর |

# বিখ্যাত নাটকের নাম ও রচয়িতা

| নাট্যকার | নাটকের নাম |
|---|---|
| মুনীর চৌধুরী | রক্তাক্ত প্রান্তর, কবর, পলাশী ব্যারাক ও অন্যান্য |
| আলাউদ্দিন আল আজাদ | নরকে লাল গোলাপ, হিজল কাঠের নৌকা |
| সাঈদ আহমদ | কালবেলা, প্রতিদিন একদিন |
| আব্দুল্লাহ আল মামুন | সুবচন নির্বাসনে, কোকিলারা , এখনও ক্রীতদাস |
| হুমায়ুন আহমেদ | এইসব দিনরাত্রি, বহুব্রীহি, অয়োময়, নক্ষত্রের রাত, কোথাও কেউ নেই |
| মমতাজউদ্দীন আহমদ | কী চাহ শঙ্খচিল, প্রেম বিবাহ সুটকেস |
| মামুনুর রশীদ | গিনিপিগ, ওরা কদম আলী |
| সেলিম আল দীন | যৈবতী কন্যার মন, মুনতাসীর ফ্যান্টাসি, ভাঙনের শব্দ শুনি |
| কল্যাণ মিত্র | জল্লাদের দরবার |
| রাজিয়া খান | আবর্ত |

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোনটি কোনটি জসীমউদ্‌দীনের নাটক? [৩৬তম বিসিএস]

(ক) রাখালী (খ) মাটির কান্না (গ) বেদের মেয়ে (ঘ) বোবা কাহিনী

➲ মুনীর চৌধুরীর অনূদিত নাটক কোনটি? [৩৬তম বিসিএস]

(ক) কবর (খ) চিঠি (গ) রক্তাক্ত প্রান্তর (ঘ) মুখরা রমণী বশীকরণ

➲ বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক কোনটি? [ ৩৫তম বিসিএস]

(ক) কৃষ্ণকুমারী (খ) শর্মিষ্ঠা (গ) সধবার একাদশী (ঘ) নীলদর্পণ

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ দীনবন্ধু মিত্রের প্রহসন কোনটি? [২৮তম বিসিএস]

(ক) বুড়ো শালিকের ঘাড়ে রোঁ (খ) বিয়ে পাগলা বুড়ো

(গ) কিঞ্চিত জলযোগ (ঘ) কল্কি অবতার

➲ কলকাতায় প্রথম রঙ্গমঞ্চ তৈরি হয় কত সালে? [২৮তম বিসিএস]

(ক) ১৮১৭ সালে (খ) ১৮৩২ সালে (গ) ১৮৫২ সালে (ঘ) ১৭৫৩ সালে

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ‘সাজাহান’ নাটকের প্রথম রচয়িতা কে? [২৬তম বিসিএস]

(ক) বলাইচাঁদ মুখোপাধ্যায় (খ) তুলসী লাহিড়ি

(গ) দ্বিজেন্দ্রলাল রায় (ঘ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ

➲ কোন নাটকটি সেলিম আল দীনের? [২৬তম বিসিএস]

(ক) মুনতাসীর ফ্যান্টাসী (খ) বহুব্রীহি (গ) কবর (ঘ) পায়ের আওয়াজ পাওয়া যায়

➲ ‘নেমেসিস’ কোন জাতীয় রচনা? [২৬তম বিসিএস]

(ক) কাব্য (খ) নাটক (গ) উপন্যাস (ঘ) গীতি কবিতা

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি নাটক? [২২তম বিসিএস]

(ক) চোখের বালি (খ) বলাকা (গ) ঘরে-বাইরে (ঘ) রক্তকরবী

➲ কবর' নাটক কার রচনা? [২১তম বিসিএস]

(ক) শহীদুল্লাহ কায়সার (খ) জহির রায়হান (গ) মুনীর চৌধুরী (ঘ) সত্যেন সেন

➲ রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর রচিত কোন নাটকটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেছিলেন? [১৫তম বিসিএস]

(ক) বিসর্জন (খ) ডাকঘর (গ) বসন্ত (ঘ) অচলায়তন

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ট্রাজেডি, কমেডি ও ফার্সের মূল পার্থক্য- [১৫তম বিসিএস]

(ক) জীবনানুভূতির গভীরতায় (খ) দৃষ্টিভঙ্গির সূক্ষ্মতায়

(গ) কাহিনীর সরলতা ও জটিলতায় (ঘ) ভাষার প্রকারভেদে

➲ বাংলা সাহিত্যে প্রথম মুসলিম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি? [১৪তম বিসিএস]

(ক) জগৎ মোহিনী (খ) বসন্ত কুমারী (গ) আয়না (ঘ) মোহনী প্রেমপাস

➲ কোনটি ঐতিহাসিক নাটক? [১৩তম বিসিএস]

(ক) শর্মিষ্ঠা (খ) রাজসিংহ (গ) পলাশীর যুদ্ধ (ঘ) রক্তাক্ত প্রান্তর

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বাংলা সাহিত্যের কতিপয় প্রহসন ও রচয়িতা

| রচয়িতা | প্রহসন |
|---|---|
| রামনারায়ণ তর্করত্ন | যেমন কর্ম তেমন ফল , চক্ষুদান |
| মাইকেল মধুসূদন দত্ত | একেই কি বলে সভ্যতা, বুড়ো শালিকের ঘাড়ে রোঁ |
| দীনবন্ধু মিত্র | সধবার একাদশী, বিয়ে পাগলা বুড়ো |
| গিরিশচন্দ্র ঘোষ | সপ্তমীতে বিসর্জন, সভ্যতার পাণ্ডা |
| মীর মশাররফ হোসেন | এর উপায় কি, ভাই ভাই এই তো চাই |
| জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর | কিঞ্চিৎ জলযোগ, হিতে বিপরীত |
| অমৃতলাল বসু | বিবাহ বিভ্রাট, কৃপণের ধন |
| দ্বিজেন্দ্রলাল রায় | বিরহ, কল্কি অবতার, প্রায়শ্চিত্ত |
| রবীন্দ্রনাথ ঠাকুর | বৈকুণ্ঠের খাতা, চিরকুমার সভা, শেষ রক্ষা, হাস্য কৌতুক |

# POLL QUESTION-02

➲ রমনা পার্কে – নাটকটি কে রচনা করেছেন ?

(a) মুনীর চৌধুরী

(b) শাহাদাৎ হোসেন

(c) ড. নীলিমা ইব্রাহিম

(d) সৈয়দ ওয়ালীউল্লাহ

# বাংলা প্রবন্ধ

- প্রবন্ধ বলতে বুঝায় – কোন বিষয়ের উপর বুদ্ধিভিত্তিক আলোচনা
- বাংলা প্রবন্ধের সূত্রপাত হয় – উনিশ শতকের দ্বিতীয়ার্ধে
- বাংলা প্রবন্ধধারার প্রবর্তক – রাজা রামমোহন রায়
- কথ্যরীতিতে প্রথম প্রবন্ধ রচনাকারী – প্যারীচাঁদ মিত্র।
- প্রথম সমাজসংস্কার মূলক প্রবন্ধ রচয়িতা – ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- বাংলা প্রবন্ধ সাহিত্যের উৎপত্তির সাথে জড়িত – ফোর্ট উইলিয়াম কলেজ
- সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের বিখ্যাত প্রবন্ধ গ্রন্থ – পালামৌ
- বাংলা সাহিত্যের প্রথম পত্রসাহিত্য – রামরাম বসুর লিপিমালা (১৮০২)
- বাংলা সাহিত্যের প্রথম আত্মচরিতমূলক গ্রন্থ – বিদ্যাসাগরচরিত (১৮৯১)

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বাংলা প্রবন্ধ

## প্রবন্ধের প্রকারভেদঃ

i. সমালোচনা – শকুন্তলা, মিরন্দা ও ডেসডিমোনা

ii. সাহিত্যের ইতিহাস – বঙ্গভাষা ও সাহিত্য (ড. দীনেশচন্দ্র সেন)

iii. জীবনচরিত – পরমপুরুষ (অচিন্ত্যকুমার সেনগুপ্ত)

iv. আত্মচরিত – বিদ্যাসাগরচরিত (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)

v. স্মৃতিকথা – আত্মপরিচয় (রবীন্দ্রনাথ ঠাকুর)

vi. ভ্রমণকাহিনি – পালামৌ (সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়)

vii. পত্রসাহিত্য – ছিন্নপত্রাবলী (রবীন্দ্রনাথ ঠাকুর)

viii. রম্যরচনা – কমলাকান্তের দপ্তর (বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়)

# বিখ্যাত প্রবন্ধের নাম ও রচয়িতা

| প্রাবন্ধিক | প্রবন্ধের নাম |
|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | সভ্যতার সংকট , কালান্তর |
| কাজী নজরুল ইসলাম | রাজবন্দীর জবানবন্দি |
| বেগম রোকেয়া | মতিচুর, অবরোধবাসিনী |
| আখতারুজ্জামান ইলিয়াস | সংস্কৃতির ভাঙা সেতু |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | কমলাকান্তের দপ্তর |
| আবুল মনসুর আহমদ | আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর |
| মুহম্মদ আবদুল হাই | ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব, সাহিত্য ও সংস্কৃতি |
| ড. মুহম্মদ এনামুল হক | মনীষা মঞ্জুষা |
| ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন | সাগরের রহস্যপুরী, এসো বিজ্ঞানের রাজ্যে, রহস্যের শেষ নেই, আবিষ্কারের নেশায় |
| প্রমথ চৌধুরী | বীরবলের হালখাতা, তেল নুন লাকড়ি , রায়তের কথা |
| কালীপ্রসন্ন ঘোষ | প্রভাত চিন্তা, নিভৃত চিন্তা, নিশীথ চিন্তা |
| ড. আহমদ শরীফ | সাহিত্য ও সংস্কৃতি চিন্তা |
| ডাঃ লুতফর রহমান | মহৎ জীবন, মানব জীবন, উন্নত জীবন |
| মোতাহের হোসেন চৌধুরী | সংস্কৃতি কথা, সভ্যতা |

written

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# বাংলা সাহিত্যের কতিপয় রম্যরচনা ও রচয়িতা

| রচয়িতা | রম্যরচনা |
|---|---|
| ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় | নববাবু বিলাস, নববিবি বিলাস |
| সৈয়দ মুজতবা আলী | পঞ্চতন্ত্র, ময়ূরকণ্ঠী |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | কমলাকান্তের দপ্তর |
| শওকত ওসমান | নিজস্ব সংবাদদাতা প্রেরিত |
| নুরুল মোমেন | নরসুন্দর, হিং টিং ছট |
| মুহম্মদ আবদুল হাই | তোষামোদ ও রাজনীতির ভাষা |
| আবুল মনসুর আহমদ | আসমানী পর্দা , গালিভারের সফরনামা |
| হাসান হাফিজুর রহমান | দক্ষিণের জানালা |

# বাংলা সাহিত্যের কতিপয় ভ্রমণ কাহিনি ও রচয়িতা

| রচয়িতা | ভ্রমণ কাহিনি |
|---|---|
| সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় | পালামৌ |
| জসীমউদ্‌দীন | চলে মুসাফির, হলদে পরীর দেশে |
| মুহম্মদ আবদুল হাই | বিলাতে সাড়ে সাতশ দিন |
| ইব্রাহীম খাঁ | ইস্তাম্বুল যাত্রীর পত্র |
| অন্নদাশঙ্কর রায় | পথে প্রবাসে |
| ড মুহম্মদ এনামুল হক | বুলগেরিয়া ভ্রমণ |
| সৈয়দ মুজতবা আলী | দেশে বিদেশে |
| ইসমাইল হোসেন সিরাজী | তুরস্ক ভ্রমণ |
| রবীন্দ্রনাথ ঠাকুর | রাশিয়ার চিঠি, জাপান যাত্রী |
| সুফিয়া কামাল | সোভিয়েতের দিনগুলি |

# POLL QUESTION-03

➲ পুরনো বাংলা গদ্য – গ্রন্থের লেখক কে ?

(a) মনিরুজ্জামান

(b) আনিসুজ্জামান

(c) খালেকুজ্জামান ইলিয়াস

(d) আতাউর রহমান

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- ‘তেল নুন লকড়ি’ কার রচিত গ্রন্থ? [৩৫তম বিসিএস]

(ক) প্রবোধচন্দ্র সেন (খ) প্রমথনাথ বিশি (গ) প্রমথ চৌধুরী (ঘ) প্রদ্যুম্ন মিত্র

- সৈয়দ মুজতবা আলীর প্রবন্ধ গ্রন্থ কোনটি? [৩৪তম বিসিএস]

(ক) পঞ্চতন্ত্র (খ) কালান্তর (গ) প্রবন্ধ সংগ্রহ (ঘ) শাশ্বত বঙ্গ

- ‘পালামৌ’ ভ্রমণকাহিনীটি কার রচনা? [৩২তম বিসিএস]

(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (খ) সুনীল গঙ্গোপাধ্যায়

(গ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ জীবনানন্দ দাশের প্রবন্ধগ্রন্থ কোনটি? [২৮তম বিসিএস]

(ক) ধূসর পাণ্ডুলিপি (খ) কবিতার কথা (গ) ঝরা পালকের কবি (ঘ) দুর্দিনের যাত্রী

➲ 'বীরবলের হালখাতা' গ্রন্থটি কোন ধরনের রচনা? [২৪তম বিসিএস]

(ক) কাব্য (খ) নাটক (গ) উপন্যাস (ঘ) প্রবন্ধ

➲ 'শাশ্বত বঙ্গ' গ্রন্থটির রচয়িতা কে? [২৪তম বিসিএস (বাতিল)]

(ক) কাজী মোতাহার হোসেন (খ) আবুল হুসেন

(গ) কাজী আবদুল ওদুদ (ঘ) কাজী আনোয়ারুল কাদির

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'সংস্কৃতির ভাঙা সেতু' গ্রন্থ কে রচনা করেছেন? [২০তম বিসিএস]

(ক) মোতাহের হোসেন চৌধুরী (খ) বিনয় ঘোষ

(গ) আখতারুজ্জামান ইলিয়াস (ঘ) রাধারমণ মিত্র

➲ 'মানবজীবন', 'মহৎজীবন', 'উন্নতজীবন'- প্রভৃতি গ্রন্থের রচয়িতা- [১৭তম বিসিএস]

(ক) এস ওয়াজেদ আলী (খ) এয়াকুব আলী চৌধুরী

(গ) মোঃ লুৎফর রহমান (ঘ) মোঃ ওয়াজেদ আলী

➲ বেগম রোকেয়ার রচনা কোনটি? [১৭তম বিসিএস]

(ক) ভাষা ও সাহিত্য (খ) আয়না (গ) লালসালু (ঘ) অবরোধবাসিনী

# বাংলা কবিতা

- বাংলা কবিতায় নবজাগরণের সূত্রপাত হয় – উনিশ শতকে
- বাংলা কবিতায় আধুনিকতার বিকাশ ঘটে – মাইকেল মধুসূদন দত্তের কবিতায়।
- বাংলা সাহিত্যে যুগসন্ধিক্ষণের কবি – ঈশ্বরচন্দ্র গুপ্ত।
- বাংলা কবিতায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক - মাইকেল মধুসূদন দত্ত।
- আধুনিক কবিদের আদর্শ – টি এস এলিয়ট
- আধুনিক কবিতার প্রধান লক্ষণ – বর্তমান জীবনের ক্লান্তি ও নৈরাশ্যবোধ
- বাংলা সাহিত্যে পঞ্চপাণ্ডব বলা হয় – ৫ জন কবিকে (অমিয় চক্রবর্তী, জীবনানন্দ দাশ, বিষ্ণু দে, বুদ্ধদেব বসু এবং সুধীন্দ্রনাথ দত্ত)।
- আধুনিক বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি - মাইকেল মধুসূদন দত্ত।

# বিভিন্ন প্রকার কবিতা

- রুবাইঃ এটি আরবীয় অঞ্চলের চার পংক্তির একটি কবিতা। ওমর খৈয়াম তার রুবাই-এর জন্য বিখ্যাত।
- সিজোঃ এটি সীমিত দৈর্ঘ্যের কোরীয় কবিতা। সাধারণত ৪ পংক্তিতে লেখা হয়।
- লিমেরিকঃ লিমেরিক (Limerick) একটি ইংরেজি শব্দ। লিমেরিক ছোট কবিতার (Little Poems) এক অনন্য রচনা শৈলী। ৫টি চরণে গঠিত এই ফর্মে অন্ত্যমিলের বিন্যাস- ক ক খ খ ক।
- হাইকুঃ হাইকু (একবচনে "হাইকি") একধরনের সংক্ষিপ্ত জাপানি কবিতা।
- চতুর্দশপদীঃ চতুর্দশপদী (Sonnet) হল এক ধরনের কবিতা যার উদ্ভব হয় ইউরোপে। এর বৈশিষ্ট হল যে এরূপ কবিতাগুলো ১৪টি চরণে সংগঠিত এবং প্রতিটি চরণে মোট ১৪টি অক্ষর থাকবে।

বাংলা লিমেরিকের উদাহরণ –

"তাতীর বাড়ি ব্যাঙের বাসা
কোলা ব্যাঙের ছা।
খায় দায়,
গান গায়,
তাইরে নাইরে না।"

# মহাকাব্য

- মহাকাব্য হচ্ছে দীর্ঘ ও বিস্তৃত কবিতা বিশেষ। সাধারণতঃ দেশ কিংবা সংস্কৃতির বীরত্ব গাঁথা এবং ঘটনাক্রমের বিস্তৃত বিবরণ এতে পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরা হয়। সুপ্রাচীনকালে মুখে মুখে প্রচলিত কবিতাসমগ্রও মহাকাব্যের মর্যাদা পেয়েছে।
- বাংলা সাহিত্যে মহাকাব্য রচিত হয় – উনিশ শতকের দ্বিতীয়ার্ধে।
- বাংলা সাহিত্যের প্রথম ও শ্রেষ্ঠ মহাকাব্য - মেঘনাদবধ কাব্য (মাইকেল মধুসূদন দত্ত)
- অমিত্রাক্ষর ছন্দে রচিত বীররসের কাব্য - মেঘনাদবধ কাব্য (মাইকেল মধুসূদন দত্ত)
- পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনি নিয়ে রচিত মহাকাব্য – মহাশ্মশান (কায়কোবাদ)
- পাশ্চাত্য রীতি অনুসারে মহাকাব্য ২ ভাগে বিভক্তঃ
  i. জাত মহাকাব্য – জাত মহাকাব্য ৪ টি। যথাঃ রামায়ণ, মহাভারত, ইলিয়াড ও ওডেসি।
  ii. সাহিত্যিক মহাকাব্য – মেঘনাদবধ কাব্য, শাহনামা ইত্যাদি।

# POLL QUESTION-04

➲ রানার – কবিতাটির রচয়িতা কে ?

(a) সুকান্ত ভট্টাচার্য

(b) কাজী নজরুল ইসলাম

(c) বন্দে আলী মিয়া

(d) আসাদ চৌধুরী

# বাংলা সাহিত্যের কতিপয় মহাকাব্য ও রচয়িতা

| রচয়িতা | মহাকাব্য |
|---|---|
| মাইকেল মধুসূদন দত্ত | মেঘনাদবধ কাব্য |
| হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় | বৃত্রসংহার |
| নবীনচন্দ্র সেন | রৈবতক, কুরুক্ষেত্র, প্রভাস (ত্রয়ী মহাকাব্য) |
| কায়কোবাদ | মহাশ্মশান |
| সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী | স্পেন বিজয় কাব্য |
| হামিদ আলী | কাসেমবধ কাব্য |
| যোগীন্দ্রনাথ বসু | পৃথ্বীরাজ, শিবাজী |

# বিখ্যাত মহাকাব্য ও রচয়িতা

| রচয়িতা | মহাকাব্য |
|---|---|
| বাল্মীকি | রামায়ণ |
| বেদব্যাস | মহাভারত |
| মিল্টন | প্যারাডাইজ লস্ট |
| হোমার | ইলিয়াড , ওডেসি |
| ফেরদৌসি | শাহনামা |
| ভার্জিল | ইনিড |

# POLL QUESTION-05

➲ রবীন্দ্রনাথ ঠাকুরের ‘উর্বশী’ কবিতাটি কোন কাব্যের অন্তর্গত ?

(a) চিত্রা

(b) সোনার তরী

(c) মানসী

(d) বলাকা

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- ‘আমি কিংবদন্তীর কথা বলছি’–কবিতাটি কার লেখা? [৩৬তম বিসিএস]

  (ক) শামসুর রাহমান (খ) আল মাহমুদ (গ) আবুল ফজল (ঘ) আবু জাফর ওবায়দুল্লাহ

- ‘হুলিয়া’ কবিতা কার রচনা? [৩৫তম বিসিএস]

  (ক) আবুল হাসান (খ) আবুল হোসেন (গ) মহাদেব সাহা (ঘ) নির্মলেন্দু গুণ

- ‘তুমি আসবে বলে হে স্বাধীনতা’— কার কবিতা? [৩৪তম বিসিএস]

  (ক) শওকত ওসমান (খ) সিকান্দার আবু জাফর

  (গ) সুফিয়া কামাল (ঘ) শামসুর রাহমান

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ সনেট কবিতার প্রবর্তক কে? [২৯তম বিসিএস]

(ক) দ্বিজেন্দ্র লাল রায় (খ) রজনীকান্ত সেন (গ) মাইকেল মধুসূদন দত্ত (ঘ) অতুলপ্রসাদ সেন

➲ সনেটের ক'টি অংশ? [২৪তম বিসিএস]

(ক) একটি (খ) দুটি (গ) তিনটি (ঘ) চারটি

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'চতুর্দশপদী কবিতাবলী' কার রচনা? [২১তম বিসিএস]

(ক) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (খ) নবীনচন্দ্র সেন

(গ) মাইকেল মধুসূদন দত্ত (ঘ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

➲ মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেম প্রবল প্রকাশ ঘটেছে- [১৩তম বিসিএস]

(ক) মহাকাব্যে (খ) নাটকে (গ) পত্রকাব্যে (ঘ) সনেটে

➲ বাংলায় টি.এস. এলিয়টের কবিতার প্রথম অনুবাদক– [১০ম বিসিএস]

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বিষ্ণু দে (গ) সুধীন্দ্রনাথ দত্ত (ঘ) বুদ্ধদেব বসু

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কত সালে 'মেঘনাদবধ কাব্য' প্রথম প্রকাশিত হয়? [৩৮তম বিসিএস]

(ক) ১৮৬০ (খ) ১৮৬৫ (গ) ১৮৫৯ (ঘ) ১৮৬১

➲ 'শাহনামা' এর লেখক কে? [২৬তম বিসিএস]

(ক) কবি ফেরদৌসী (খ) মওলানা রুমী (গ) কবি নিজামী (ঘ) কবি জামি

➲ কোন গ্রন্থটি মহাকাব্য? [২৬তম বিসিএস]

(ক) অবকাশ রঞ্জিনী (খ) বৃত্রসংহার (গ) বিরহ বিলাপ (ঘ) বীরাঙ্গনা কাব্য


BCS কঠিন নয়;
প্রস্তুতি যদি গোছানো হয়